# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৭৯

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৯. আমীন উচ্চস্বরে বলা

بَاب الْجَهْرِ بِالتَّأْمِينِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ أَخْبَرَنَا سُفْيَانُ بْنُ سَعِيدٍ عَنْ سَلَمَةَ بْنِ كُهَيْلٍ عَنْ حُجْرِ بْنِ الْعَنْبَسِ عَنْ وَائِلِ بْنِ حُجْرٍ قَالَ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا قَرَأَ وَلَا الضَّالِّينَ قَالَ آمِينَ وَيَرْفَعُ بِهَا صَوْتَهُ

বাংলা

১২৭৯. ওয়ায়িল ইবনু হুজর রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, যখন রাসূলুল্লাহ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পাঠ করলেন, [“ওয়ালাদ্দ্বা-ল্লীন।” (ফাতিহা: ৭)] তখন বললেন, “আমীন”। আর এতে তিনি তাঁর কণ্ঠস্বর উচ্চ করলেন।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: পূর্ণ তাখরীজ দেখুন, মাওয়ারিদুয যাম’আন নং ৪৪৭। ((আহমাদ ৪/৩১৬, ৩১৭; আবু দাউদ ৯৩২; তিরমিযী ৩৪৮; বাইহাকী ২/৫৭, ৫৮; তাবারাণী, আল কাবীর ২২/৪৪ নং ১১১; ইবনু হাযম, আল মুহাল্লা ৩/২৬৩; দারুকুতনী ১/৩৩৩-৩৩৪ নং ১, ২, ৩; বাগাবী, শারহুস সুন্নাহ ৩/৫৮ নং ৫৮৬ সহীহ সনদে। একে সহীহ বলেছেন দারুকুতনী, হাসান বলেছেন তিরমিযী ও বাগাবী।

অপর সনদে আবু দাউদ ৯৩৩, তিরমিযী ২৪৮, ২৪৯। তিরমিযী (২৪৮ নং এর পরে) বলেন: আমি মুহাম্মদ তথা ইমাম বুখারীকে বলতে শুনেছি: এ ব্যাপারে সুফিয়ানের হাদীস শু’বার হাদীস হতে অধিক সহীহ। শু’বাহ এ হাদীসের কয়েকটি স্থানে ভূল করেছেন।....” তিরমিযীও (২৪৯ নং এ) একই কথা বলেছেন।- মুহাক্কিক্বের মাওয়ারিদুয যাম’আনের ৪৪৭ নং এর টীকা হতে।- অনুবাদক))

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ ওয়ায়িল ইবনু হুজর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81562

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন